


## সেতুর অবস্থান



কাজীর বাজার সেতু

# পুঁজু উদ্বোধন



তারিখ : ২৩ আশ্বিন ১৪২২ বঙ্গাব্দ  
০৮ অক্টোবর ২০১৫ খ্রিস্টাব্দ

সড়ক ও জনপথ অধিদপ্তর  
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ  
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়

## পটভূমি

পূণ্যভূমি হিসেবে খ্যাত সিলেট মহানগর সুরমা নদীর তীরে অবস্থিত। এ মহানগরীতে রয়েছে হযরত শাহজালাল (র:) এবং হযরত শাহ পরান (র:) এর মাজার। সিলেট শহরে সড়ক পথে যোগাযোগ স্থাপনের নিমিত্ত ১৯৩৯ সালে সুরমা নদীর উপর ক্বীন সেতু নির্মিত হয়। ক্বীন সেতুর দক্ষিণ প্রান্তে রয়েছে দক্ষিণ সুরমা উপজেলা। বৃহত্তর সিলেট, রাজধানী ঢাকা ও বন্দরনগরী চট্টগ্রামসহ দেশের অন্যান্য অঞ্চলের সাথে সিলেট মহানগরীর প্রবেশ দ্বার হচ্ছে দক্ষিণ সুরমা। কালের পরিক্রমায় নদীর দক্ষিণ প্রান্তেও মহানগরীর বিস্তৃতি ঘটেছে।

ক্বীন সেতুর ভার বহন ক্ষমতা হ্রাস পাওয়ায় সেতুর উপর দিয়ে বর্তমানে শুধুমাত্র হালকা যানবাহন চলাচল করছে। সেতুর প্রশস্ততা কম হওয়ার কারণে সেতুর উপরে প্রায়শঃই যানজট সৃষ্টি হয়। মহানগরীর নাগরিকগণ যাতায়াতের জন্য হযরত শাহজালাল (র:) সেতু ও টুকেরবাজার সেতু ব্যবহার করে থাকেন। এতে নাগরিকদের যাতায়াতের ক্ষেত্রে অধিক সময়ের প্রয়োজন হয়। এ অবস্থা হতে উত্তরণের লক্ষ্যে ২০০৫ সালে ক্বীন সেতুর পশ্চিমে 'কাজীর বাজার সেতু' নির্মাণ প্রকল্প গ্রহণ করা হয়। সেতুর কাজ দীর্ঘদিন বন্ধ থাকার পর বর্তমান সরকারের উদ্যোগে পুনরায় ২০১২ সালে সেতুর নির্মাণ কাজ শুরু হয়ে জুন ২০১৫ মাসে সম্পন্ন হয়। ৩৯১.০০ মিটার দীর্ঘ ৪-লেন বিশিষ্ট সেতুটি নির্মাণে ১৮৯.০৭ কোটি টাকা ব্যয় হয়েছে।

প্রকল্পটি বাস্তবায়নের ফলে সিলেটবাসীর দীর্ঘদিনের স্বপ্ন পূরণ হয়েছে। মহানগরীর অধিবাসীগণ স্বল্পসময়ে যানজটমুক্ত ভাবে মহানগরীর কেন্দ্রস্থল দিয়ে স্ব স্ব গন্তব্যে যাতায়াত করতে পারবেন। কাজীর বাজার সেতুটি নির্মিত হওয়ায় সিলেট মহানগরীর জনগনের যাতায়াত সহজতর ও স্বচ্ছন্দময় হবে এবং এ অঞ্চলের আর্থ-সামাজিক উন্নয়নে ইতিবাচক ভূমিকা রাখবে।



নির্মাণ কাজ পরিদর্শনে মাননীয় অর্থ মন্ত্রী



কাজীরবাজার সেতু



নির্মাণ কাজ পরিদর্শনে মাননীয় সড়ক পরিবহন ও সেতু মন্ত্রী

## প্রকল্প পরিচিতি

প্রকল্পের নাম	: ক্বীন সেতুর সন্নিকটে কাজীর বাজার নামক স্থানে সুরমা নদীর উপর পিসি গার্ডার সেতু নির্মাণ
সেতুর নাম	: কাজীরবাজার সেতু
সেতুর অবস্থান	: সিলেট মহানগরীর ক্বীন সেতুর নিকটস্থ কাজীর বাজার নামক স্থানে
নদীর নাম	: সুরমা নদী
প্রশাসনিক মন্ত্রণালয়	: সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
বাস্তবায়নকারী সংস্থা	: সড়ক ও জনপথ অধিদপ্তর
প্রকল্পের অর্থায়ন	: গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প ব্যয়	: ১৮৯.০৭ কোটি টাকা
প্রকল্প সমাপ্তির তারিখ	: ৩০ জুন ২০১৫
সেতুর ধরণ	: পাইল ফাউন্ডেশনের উপর পিসি গার্ডার
সেতুর দৈর্ঘ্য	: ৩৯১.০০ মিটার
সেতুর প্রস্থ	: ১৮.৯০ মিটার (উভয় পাশে ফুটপাথ সহ)
স্প্যান সংখ্যা	: ১০ টি
স্প্যান বিন্যাস	: ১ × ২৫.০০ + ৩ × ৩৬.০০ + ৩ × ৫০.০০ + ৩ × ৩৬.০০
পিয়ার সংখ্যা	: ৯ টি
এবাটমেন্ট সংখ্যা	: ২ টি
ফাউন্ডেশনের ধরণ	: কাস্ট-ইন-সিউ বোরড পাইল
নেভিগেশন ক্লিয়ারেন্স	
ভার্টিকেল ক্লিয়ারেন্স	: ৭.৯০ মিটার (এস এইচ ডাব্লিউ এল হতে)
হরাইজন্টাল ক্লিয়ারেন্স	: ৫০.০০ মিটার
এপ্রোচ সড়কের দৈর্ঘ্য	: ৮৬৫.০০ মিটার
সদর উপজেলা প্রান্ত	: ২৩০.০০ মিটার
দক্ষিণ সুরমা প্রান্ত	: ৬৩৫.০০ মিটার